ঢাকা বিশ্ববিদ্যালয়

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট

২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি

ভর্তি নির্দেশিকা

ভর্তি পরীক্ষা : ১০ নভেম্বর ২০১৮, শনিবার. সকাল ১০.০০ – ১১.০০ পর্যন্ত

[অনার্স কোর্স হবে চার বছর মেয়াদি]

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের যথাক্রমে (১) ঢাকা কলেজ ; (২) সরকারি তিতুমীর কলেজ ; (৩) ইডেন মহিলা কলেজ ; (৪) বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ ; (৫) কবি নজরুল সরকারি কলেজ ; (৬) সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং (৭) সরকারি বাঙলা কলেজ-এর কলা ও সামাজিক বিজ্ঞান শাখার বিভাগসমূহে ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির জন্য **উচ্চ মাধ্যমিক বা সমমান পর্যায়ে মানবিক শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল আবেদন করতে পারবে।**

উচ্চ মাধ্যমিক বা সমমান পর্যায়ে মানবিক শাখা ব্যতীত অন্য যে-কোনো শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি প্রক্রিয়ায় অংশ নেয়ার চেষ্টা করলে তার আবেদনকৃত অন্যান্য ইউনিটের (যদি থাকে) প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটভুক্ত বিষয়সমূহ অধ্যয়নে আগ্রহী অন্যান্য ইউনিটের প্রার্থীগণ নিজ নিজ ইউনিটের নির্দেশাবলি অনুসরণ করবে।

ইডেন মহিলা কলেজ এবং বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের আসনসমূহ শুধু ছাত্রী এবং ঢাকা কলেজের আসনসমূহ শুধু ছাত্রদের জন্য সংরক্ষিত থাকবে। এছাড়া সরকারি তিতুমীর কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং সরকারি বাঙলা কলেজে ছাত্র-ছাত্রী উভয়েই ভর্তি হতে পারবে। উপর্যুক্ত কলেজসমূহের কলা ও সামাজিক বিজ্ঞান শাখার বিভাগসমূহে ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের মাধ্যমে সম্পন্ন করা হবে। সংশ্লিষ্ট ডিগ্রিসমূহের সনদপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয়ের অন্য কোনো সুবিধা ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়।

উপর্যুক্ত কলেজসমূহের বিভিন্ন বিভাগে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যা ছকে উল্লেখ করা হলো (কোটা ব্যতীত) :

অধিভুক্ত কলেজসমূহের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের স্নাতক (সম্মান) আসন সংখ্যা

কলেজের নাম	ঠিকানা	বিষয়সমূহ	আসন সংখ্যা (বিভাগওয়ারি)
ঢাকা কলেজ	মিরপুর রোড নিউ মার্কেট ঢাকা-১২০৫	১. বাংলা	২০০
		২. ইংরেজি	২৪০
		৩. ইতিহাস	২২৫
		৪. দর্শন	১৮০
		৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	১৩০
		৬. ইসলামিক স্টাডিজ	১০০
		৭. অর্থনীতি	২৩৫
		৮. রাষ্ট্রবিজ্ঞান	২৬৫
		৯. সমাজবিজ্ঞান	২৫০
		১০. ভূগোল ও পরিবেশ	১২৫*
		১১. মনোবিজ্ঞান	১২৫*
		১২. পরিসংখ্যান	১৪০*
		১৩. গণিত	২১০*
		* কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মানুসারে আনুপাতিক হারে আসন দেওয়া হবে।	
সরকারি তিতুমীর কলেজ	গুলশান ঢাকা-১২১৩	১. বাংলা	৩১০
		২. ইংরেজি	৩৬৫
		৩. ইতিহাস	২১০
		৪. দর্শন	২৫০
		৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২৬০
		৬. ইসলামিক স্টাডিজ	১৪৫
		৭. অর্থনীতি	৩৮০
		৮. রাষ্ট্রবিজ্ঞান	৪০০
		৯. সমাজবিজ্ঞান	২৩৫
		১০. সমাজকর্ম	২৩৫
		১১. ভূগোল ও পরিবেশ	৭০*
		১২. মনোবিজ্ঞান	৭০*
		১৩. পরিসংখ্যান	৭০*
		১৪. গণিত	৩০০*
		* কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মানুসারে আনুপাতিক হারে আসন দেওয়া হবে।	

কলেজের নাম	ঠিকানা	বিষয়সমূহ	আসন সংখ্যা (বিভাগওয়ারি)
ইডেন মহিলা কলেজ	আজিমপুর ঢাকা-১২০৫	১. বাংলা ২. ইংরেজি ৩. ইতিহাস ৪. দর্শন ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৬. ইসলামিক স্টাডিজ ৭. অর্থনীতি ৮. রাষ্ট্রবিজ্ঞান ৯. সমাজবিজ্ঞান ১০.সমাজকর্ম ১১. ভূগোল ও পরিবেশ ১২. মনোবিজ্ঞান ১৩. পরিসংখ্যান ১৪. গার্হস্থ্য অর্থনীতি ১৫. গণিত	২৩০ ৩০০ ২৪০ ১৯০ ২৪০ ১৪০ ২৯০ ৩০০ ২৮০ ২৭০ ১৬৫* ১৪০* ৫০* ১২০* ২০০*
		* কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মানুসারে আনুপাতিক হারে আসন দেওয়া হবে।	
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ	বকশীবাজার ঢাকা-১১০০	১. বাংলা ২. ইংরেজি ৩. ইতিহাস ৪. দর্শন ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৬. ইসলামিক স্টাডিজ ৭. অর্থনীতি ৮. রাষ্ট্রবিজ্ঞান ৯. সমাজবিজ্ঞান ১০.সমাজকর্ম ১১. ভূগোল ও পরিবেশ ১২. মনোবিজ্ঞান ১৩. গার্হস্থ্য অর্থনীতি ১৪. গণিত	১০০ ৮০ ৫০ ৬০ ৬০ ৫০ ১৬৫ ৮৫ ৯০ ১৩৫ ৮০* ৮০* ৮০* ৬৫*
		* কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মানুসারে আনুপাতিক হারে আসন দেওয়া হবে।	

কলেজের নাম	ঠিকানা	বিষয়সমূহ	আসন সংখ্যা (বিভাগওয়ারি)
কবি নজরুল সরকারি কলেজ	লক্ষ্মীবাজার সূত্রাপুর ঢাকা-১১০০	১. বাংলা ২. ইংরেজি ৩. ইতিহাস ৪. দর্শন ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৬. ইসলামিক স্টাডিজ ৭. অর্থনীতি ৮. রাষ্ট্রবিজ্ঞান ৯. আরবি ১১. ভূগোল ও পরিবেশ ১২. গণিত	১৫০ ২০০ ১৫০ ১২০ ১৫০ ২০০ ১৫০ ১৫০ ১০০ ১৩০* ১০০*
		* কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মানুসারে আনুপাতিক হারে আসন দেওয়া হবে।	
সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ	লক্ষ্মীবাজার সূত্রাপুর ঢাকা-১১০০	১. বাংলা ২. ইংরেজি ৩. দর্শন ৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫. ইসলামিক স্টাডিজ ৬. অর্থনীতি ৭. রাষ্ট্রবিজ্ঞান ৮.সমাজকর্ম ৯. ভূগোল ও পরিবেশ ১০. গণিত	১১০ ১১০ ১০০ ১২০ ১০০ ১৫০ ১৭০ ১৭০ ১০০* ১২০*
		* কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মানুসারে আনুপাতিক হারে আসন দেওয়া হবে।	
সরকারি বাঙলা কলেজ	মিরপুর -১ ঢাকা-১২১৬	১. বাংলা ২. ইংরেজি ৩. ইতিহাস ৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫. ইসলামিক স্টাডিজ ৬. অর্থনীতি ৭. রাষ্ট্রবিজ্ঞান ৮. সমাজকর্ম ৯. গণিত	২২০ ১৮০ ১২০ ১১০ ১০০ ১৪০ ২৪৫ ১৪৫ ১৮০*
		* কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট থেকে আনুপাতিক হারে আসন দেওয়া হবে।	

প্রাথমিক আবেদনপত্র

১. ‘কলা ও সামাজিক বিজ্ঞান’ ইউনিটের অধীনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত উপর্যুক্ত ৭টি কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির জন্য ২৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখ অপরাহ্ণ ৫:০০ টা হতে ২৫ অক্টোবর ২০১৮ অপরাহ্ণ ৫:০০ টার মধ্যে অনলাইনে দরখাস্ত করতে হবে।

২. অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য আবেদনকারীর করণীয় :

ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজে ভর্তির ওয়েবসাইটে (www.7collegedu.com) ভর্তির সাধারণ নির্দেশাবলি থাকবে। আবেদনকারী উক্ত সাইটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট-এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ দেখতে পাবে। আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা এবং ওয়েব সাইট নির্দেশিকা ভালো করে পড়তে হবে।

খ) **আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি** : আবেদনকারীকে দেশের রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিমিটেড-এর সোনালী সেবার মাধ্যমে যে কোনো অনলাইন শাখায় (ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা ব্যতীত) অথবা বিকাশের মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি ৪০০.০০ (চারশত) টাকা (সার্ভিস চার্জ ছাড়া) জমা দিতে হবে।

সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে পেমেন্ট : আবেদনকারী **৭ কলেজ ভর্তির ওয়েব সাইট (www.7collegedu.com)** থেকে Payslip নিয়ে ২৫ অক্টোবর ২০১৮ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড-এর সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে পারবে। আবেদনকারী টাকা জমা দেয়ার কমপক্ষে দুই কর্ম দিবস পরে পুনরায় 7 College Admission web site-এ যেতে হবে। কোনোও ইউনিটে আবেদনকারীর ব্যাংকে টাকা জমা দেয়ার তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পৌঁছালে তার সংশ্লিষ্ট ইউনিটের ‘পেমেন্ট’ কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে।

বিকাশের মাধ্যমে পেমেন্ট : ৭ কলেজ ভর্তির ওয়েব সাইট (www.7collegedu.com) থেকে ২৫ অক্টোবর ২০১৮ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে আবেদনকারী বিকাশের মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে। আবেদনকারী বিকাশের মাধ্যমে ভর্তি ফি প্রদান করার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট ইউনিটের ‘পেমেন্ট’ কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে। **পে-স্লিপ ডাউনলোড করার প্রয়োজন নেই।**

পেমেন্টের পর বিকাশ থেকে ফিরতি SMS (এসএমএস)-এ প্রাপ্ত লেনদেন আইডিটি সংরক্ষণ করতে হবে। আবেদনকারীকে ওয়েব সাইটে নোটিশের মাধ্যমে প্রবেশপত্র সংগ্রহের তারিখ জানিয়ে দেওয়া হবে। আবেদনকারী আবেদন ফি পরিশোধ না করলে সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

গ) ‘আবেদন / লগইন’ বাটনে ক্লিক করার পর ‘আবেদন/লগইন’-এর তথ্যের পাতায় আবেদনকারীর উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন, পাসের সাল ও বোর্ডের নাম এবং মাধ্যমিক বা সমমানের পরীক্ষার রোল নম্বর, রেজিষ্ট্রেশন নম্বর, পরীক্ষার সাল, বোর্ডের নাম প্রদান করে ‘‘অগ্রসর হোন’’ বাটনে ক্লিক করতে হবে এবং পরবর্তী পাতায় আবেদনকারীর উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলি দেখা গেলে পরবর্তী বাটন-এ ক্লিক করতে হবে।

ঘ) আবেদনকারী শিক্ষার্থী ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোডের তারিখ জেনে নিতে পারবে।

ঙ) প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও আবেদন নম্বর থাকবে। প্রবেশপত্রের নির্দেশাবলিতে উল্লেখিত কাগজপত্র নিয়ে আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

চ) আবেদনকারী মাধ্যমিক / উচ্চ মাধ্যমিকের যেকোনো একটিতে বা উভয়টিতে I GCSE / O-Level এবং IAL / A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারী হলে ডিগ্রির সমতা নিরূপণ (Equivalence) করার পর ’সমতা নিরূপণ সনদপত্রে’ উল্লেখিত ‘Equivalent ID’ মাধ্যমিক / উচ্চ মাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে যথা নিয়মে টাকা জমা দেওয়ার রসিদ সংগ্রহ করতে পারবে।

ছ) IGCSE / O-Level এবং IAL / A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারী আবেদনকারীকে Equivalence করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিন, কলা অনুষদের অফিসে তার গ্রেডশিট / মার্কশিটসমূহের ফটোকপিসহ আবেদন করতে হবে এবং সমতা নিরূপণ ফি বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা প্রদান করতে হবে। সমতা নিরূপণের পর আবেদনকারীকে একটি ’সমতা নিরূপণ সনদপত্র’ প্রদান করা হবে এবং উক্ত সনদপত্রে ‘Equivalent ID’ উল্লেখ করা থাকবে।

ভর্তির ন্যূনতম যোগ্যতা

৩. প্রার্থীকে ২০১৩ থেকে ২০১৬ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০১৮ সালের বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের আলিম (জেনারেল অথবা মানবিক শাখায়) I AL / A-Level অথবা সমমানের বিদেশি ডিগ্রিধারী হতে হবে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (বা সমমানের) পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.০ হতে হবে। IGCSE / O-Level এবং IAL / A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে সমতা নিরূপণকৃত গ্রেড গণনা করতে হবে। এছাড়া প্রার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক ওই বিভাগের জন্য নির্ধারিত যোগ্যতা পূরণ করতে হবে।

৪. যে-সকল প্রার্থী ২০১৩ অথবা তার পরে অনুষ্ঠিত IGCSE / O-Level পরীক্ষায় অংশ নিয়ে অন্তত ৫ বিষয়ে এবং ২০১৮ সালে IAL / A-Level পরীক্ষার প্রকাশিত ফল-এ অন্তত দুটি বিষয়ে উত্তীর্ণ হয়েছে (IGCSE / O-Level এবং IAL / A-Level-এর সর্বশেষ পরীক্ষার সনদে উক্ত পরীক্ষার পাশের বছর হিসেবে ধরা হবে) এবং উপর্যুক্ত ৭টি বিষয়ের মধ্যে যারা ৪টি বিষয়ে অন্তত C গ্রেড, অপর ৩টি বিষয়ে অন্তত D গ্রেড পেয়েছে তাদেরকে এবং অন্যান্য ডিপ্লোমা বা সার্টিফিকেটধারী শিক্ষার্থীগণকে ভর্তি পরীক্ষায় অংশ নিতে হলে অনলাইনে আবেদনের পূর্বেই তাদেরকে সমতা নিরূপণের জন্য, জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ফি বাবদ ১০০০/- (এক হাজার টাকা) জমা প্রদানের রসিদসহ প্রয়োজনীয় কাগজপত্র কলা অনুষদের ডিন অফিসে জমা দিতে হবে। ডিপ্লোমা বা সার্টিফিকেট প্রাপ্ত প্রার্থীকে সমতা নিরূপণের জন্য উচ্চ মাধ্যমিকের সমমানের পরীক্ষা পাশের প্রমাণসহ তার উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত সকল বিষয়ের বিস্তারিত পাঠ্যসূচির (Syllabus) অনুলিপি জমা দিতে হবে। সমতা নিরূপণের সার্টিফিকেটে উল্লেখিত Equivalent ID ব্যবহার করে সাধারণভাবে ভর্তির আবেদন করতে হবে।

ভর্তি পরীক্ষা

৫. ক) ভর্তিচ্ছু এবং যোগ্য সকল প্রার্থী 'কলা ও সামাজিক বিজ্ঞান' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ভর্তি পরীক্ষা ১০ নভেম্বর ২০১৮ তারিখ শনিবার, সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ১.০ (এক) ঘন্টা।

গ) ভর্তি পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে হবে। মোট ১০০টি প্রশ্নের জন্য পূর্ণমান হবে ১২০।

ঘ) **ভর্তি পরীক্ষা ও ভর্তিচ্ছুদের করণীয়**

- মোট ১২০ নম্বরের ভর্তি পরীক্ষায় বাংলা, ইংরেজি ও সাধারণ জ্ঞান — এই তিনটি বিষয়ে ১০০টি প্রশ্ন থাকবে। ভর্তি পরীক্ষার প্রশ্ন উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যসূচি অনুযায়ী হবে। উল্লিখিত তিন বিষয়ের নম্বর বন্টন নিম্নরূপ : বাংলা — ৩০ ; ইংরেজি — ৩০ ; সাধারণ জ্ঞান — ৬০ ; সাধারণ জ্ঞান অংশে বাংলাদেশ ও আন্তর্জাতিক ঘটনা এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত সমাজবিদ্যা, রাজনীতি, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূগোল, ধর্ম ইত্যাদি বিষয়ক প্রশ্ন থাকবে।
- যারা মাতৃভাষা হিসেবে বাংলা পড়েনি কেবল তারাই বাংলার পরিবর্তে Elective English-এর উত্তর দেবে এবং Elective English চিহ্নিত বৃত্ত পূরণ করবে।
- উত্তরপত্রের উপরিভাগে প্রার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম যেভাবে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে আছে ঠিক সেভাবে লিখতে হবে।
- পরীক্ষায় OMR পদ্ধতির (একটি শিট) উত্তরপত্র বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে। অতিরিক্ত কোনো শিট দেওয়া হবে না। সরবরাহকৃত উত্তরপত্রেই প্রশ্নের উত্তর বৃত্ত পূরণ করে চিহ্নিত করতে হবে।
- প্রার্থী কোনো অবস্থাতেই মোবাইল ফোন, ক্যালকুলেটর, বই ও কাগজপত্র (প্রবেশপত্র ছাড়া), ইলেক্ট্রনিক ডিভাইস সংবলিত ঘড়ি ও কলম , ভিসা/মাস্টার কার্ড/এটি এম কার্ড ইত্যাদি নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবে না।
- ভর্তি-পরীক্ষার ১২০ নম্বরের মধ্যে পাস নম্বর ৪৮। যারা ৪৮ এর কম পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না। যারা ইংরেজি অথবা বাংলা বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক ভর্তি পরীক্ষায় তাদেরকে সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৮ নম্বর পেতে হবে। কেবল 'গ'-গুচ্ছভুক্ত (পৃ. ৮) বিষয়সমূহে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক অথবা সমমান পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর থাকতে হবে।
- ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্বে বিস্তারিত আসন বিন্যাস ভর্তির ওয়েব সাইটে (www.7collegedu.com) দেখা যাবে। এছাড়া আবেদনকারী প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী SMS-এর মাধ্যমে নিজ নিজ আসনবিন্যাস জানতে পারবে।
- পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে অবশ্যই পরীক্ষার হলে নিজ আসন গ্রহণ করতে হবে।

মেধাস্কোর ও মেধাক্রম

৬. মোট ২০০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাস্কোরের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য মাধ্যমিক / O-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত / হিসাবকৃত জিপিএ-কে ১৫%; উচ্চ মাধ্যমিক / A-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত / হিসাবকৃত জিপিএ-কে ২৫% এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে ৬০% আপেক্ষিক গুরুত্ব দিয়ে ২০০ নম্বরের মধ্যে মেধাস্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে।

খ) একাধিক পরীক্ষার্থীর মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে :

(১) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর
(২) HSC / সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA without 4th Subject
(৩) HSC / সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4th Subject
(৪) SSC / সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4th Subject
(৫) HSC / সমমানের পরীক্ষায় চারটি কলা ও সামাজিক বিজ্ঞান সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত GPA-এর যোগফল।

গ) O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে; A = ৫.০ B = ৪.০ C = ৩. D = ৩.০

ঘ) যারা ভর্তি পরীক্ষায় অনুপস্থিত থাকবে অথবা ৪৮-এর কম নম্বর পাবে তাদের মেধাস্কোর হিসাব করা হবে না।

৭. মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা ও ফল ভর্তি পরীক্ষার পর ০৭ (সাত) দিনের মধ্যে ভর্তির ওয়েব সাইটেও পাওয়া যাবে। এছাড়া SMS-এর মাধ্যমে ফল জানা যাবে।

৮. মেধা তালিকা প্রকাশের তারিখ থেকে ৫ কার্যদিবসের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় ১০০০/- টাকা নিরীক্ষা ফিস জমা দিয়ে জমার রশিদসহ 'কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট প্রধান (ডিন, কলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়) সমীপে আবেদন করে প্রার্থীর উত্তরপত্র নিরীক্ষা করানো যাবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরৎ দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে।

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটভুক্ত বিভাগসমূহ

৯. কলা ও সামাজিক কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের মাধ্যমে মানবিক শাখার ছাত্র-ছাত্রীরা নিম্নলিখিত বিভাগগুলোতে ভর্তির জন্য আবেদন করতে পারবে এবং যোগ্যতা থাকা সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক আসনে ভর্তি হতে পারবে।

ক-গুচ্ছ : কলা অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ

১. বাংলা ২. ইংরেজি ৩. আরবি ৪. ইতিহাস ৫. দর্শন
৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. ইসলামিক স্টাডিজ

খ-গুচ্ছ : সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ

১. অর্থনীতি ২. রাষ্ট্রবিজ্ঞান ৩. সমাজবিজ্ঞান ৪. সমাজকর্ম

গ-গুচ্ছ : অন্যান্য বিভাগ

১. ভূগোল ও পরিবেশ   ২. মনোবিজ্ঞান   ৩. পরিসংখ্যান   ৪. গণিত   ৫. গার্হস্থ্য অর্থনীতি

ভর্তি-প্রক্রিয়া

১০. ভর্তি পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীরা মেধাক্রম অনুসারে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অধিভুক্ত ৭টি কলেজে ভর্তি হতে হবে। ভর্তি পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীরা নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে প্রদত্ত 'চয়েস ফরমে' (Choice-form) তাদের মনোনীত বিষয়ের কলেজের নাম অগ্রাধিকার ভিত্তিতে পূরণ করবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কলেজের বিভাগসমূহে যোগাযোগ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীর ক্ষেত্রে SSC এবং HSC-এর মূল নম্বরপত্র জমা রাখা হবে।

১১. কোনো প্রার্থী অন্যের ছবি / নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. পরীক্ষায় অসদুপায় অবলম্বনের রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১৩. ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমনকি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি-পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি / মনোনয়ন বাতিল করা হবে।

১৪. ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান-প্রধানের প্রশংসাপত্র জমা দিতে হবে। তাছাড়া অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্রও জমা দিতে হবে।

১৫. কোটায় ভর্তিচ্ছু প্রার্থীর জ্ঞাতব্য ও করণীয় :
ওয়ার্ড, উপজাতি, প্রতিবন্ধী (দৃষ্টি, শ্রবণ ও বাক), হরিজন ও দলিত সম্প্রদায়ও মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনি মাধ্যমে ভর্তিচ্ছু প্রার্থীদের অনলাইনে কোটার নির্দিষ্ট ঘরে ক্লিক করতে হবে। ভর্তি পরীক্ষায় কৃতকার্য হলে, প্রার্থী অনলাইনে যে কোটার ঘর পূরণ করেছে তাকে সে কোটার যোগ্যতার প্রমাণপত্র ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র দেখিয়ে নির্ধারিত ফরম কলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে অবশ্যই ফল প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে উক্ত অফিসে জমা দিতে হবে। ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ / ইনস্টিটিউট / অফিসের চেয়ারম্যান / পরিচালক / অফিস প্রধানের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধা সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্র, এবং উপজাতি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি প্রধান / জেলা প্রশাসকের সনদপত্র জমা দিতে হবে। যাদের মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ নেই, কিন্তু যারা সনদের জন্য আবেদন করেছে, তাদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তবে ভর্তির জন্য চূড়ান্ত নির্বাচনের পূর্বে অবশ্যই মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র জমা দিতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের মুক্তিযোদ্ধা সনদের যথাযথতা মুক্তিযুদ্ধ- বিষয়ক মন্ত্রণালয় থেকে যাচাই করা হবে।

দৃষ্টি, শ্রবণ ও বাক্-প্রতিবন্ধী প্রার্থীদের যথাযথতার সনদপত্র এবং হরিজন ও দলিত সম্প্রদায়ের প্রার্থীদের ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায়ের সংগঠন-প্রধানের সনদপত্র কলা অনুষদের ডিন অফিসে জমা দিতে হবে।

শুধু বিকেএসপি হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা খেলোয়াড় কোটায় আবেদন করতে পারবে।

অনলাইনে কোটার নির্দিষ্ট ঘরে ক্লিক না করলে পরবর্তীকালে কোনো অবস্থাতেই কোটার জন্য বিবেচিত হবে না।

১৬. ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ভর্তি সংক্রান্ত তথ্যাবলির জন্য যোগাযোগের ঠিকানা : ডিনের কার্যালয়
কলা অনুষদ (কলা ভবন)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন : ৯৬৬১৯০০ এক্স. ৪৩৪৩
Mail: deanarts@du.ac.bd